1653/2022 (Enclo).

# বর্তমান পরিচালক মণ্ডলীর কার্যবিবরণী

স্থাপিত - ১৪ই জুন ১৯৬২
NPCCBL

## NABAGRAM PEOPLES' CO-OPERATIVE CREDIT BANK LIMITED


REGD. NO. 49/14-6-62, RBI LICENCE NO. UBD/WB/827/P, DT. 13-01-87
E-mail : npccbl1962@gmail.com Website : www.nbgcoopbank.com
11, Vivekananda Road, P.O-Nabagram, Dist-Hooghly.
(033) 2673 - 0919 / 0944 / 0966


আপনার ব্যাঙ্ক, আপনার পরিবারের ব্যাঙ্ক

সম্মানীয়,

সদস্য / সদস্যা, গ্রাহকবন্ধু ও এলাকার সুধী নাগরিকবন্ধুদের প্রথমেই জানাই ইংরেজী নববর্ষের শুভেচ্ছা, অভিনন্দন ও হৃদয়ের প্রণাম। আপনারা জানেন বর্তমান পরিচালন মণ্ডলী দায়িত্ব নেওয়ার (১৭.০৮.২০১৮) পর থেকে এই গর্বের সমবায় ব্যাঙ্ককে, ব্যাঙ্কিং প্রতিষ্ঠানের সার্বিক পরিষেবার উন্নয়নের পাশাপাশি একটি সামাজিক প্রতিষ্ঠানের রূপ দেওয়ার চেষ্টা করে আসছে। আপনারা জানেন পূর্ববর্তী বোর্ডের আমলে নির্দিষ্ট রাজনৈতিক মতাদর্শের মানুষ ও তাদের পরিবারের লোকজনদেরই এই ব্যাঙ্কের সদস্য / সদস্যা করা হত। একই পরিবারের একাধিক সদস্য / সদস্যা হতেন। ফলে সাধারণ মানুষ সদস্য হওয়ার সুযোগ পেতেন না, যা সমবায় আইন বিরোধী। আমরা দায়িত্ব নেওয়ার পর দেখেছি সি-ব্লক অঞ্চলে একটি পরিবারের ৯ জন সদস্যের মধ্যে ৯ জনকেই মেম্বার করা হয়েছিল। এই সদস্যদের খুশী করার উদ্দেশে প্রতি ১ বছর অন্তর মূল্যবান 'গিফ্‌ট' দেওয়ার প্রচলন ছিল। যেহেতু সেই নির্দিষ্ট রাজনৈতিক মতাদর্শের মানুষ বা তাদের পরিবারের লোকেরাই এই ব্যাঙ্কের সদস্য / সদস্যা হতেন তাই এই মূল্যবান 'গিফ্‌ট' গুলি তারাই পেতেন। এই খাতে আনুমানিক ১৬ - ১৮ লক্ষ টাকা অপচয় করা হত। শুধু তাই নয়, লোন দেওয়ার ক্ষেত্রেও সেই রাজনৈতিক মতাদর্শের মানুষদের বা তাদের পরিবারের সদস্যদেরই অগ্রাধিকার দেওয়া হত, যা ব্যাঙ্কিং আইন বিরোধী। সেই লোনের অধিকাংশই অনাদায়ী হয়েছিল বা আছে। যা আমরা দায়িত্ব নেওয়ার পরে বেশকিছু আদায় করা সম্ভব হয়েছে, Covid পরিস্থিতির জন্যে কিছুটা বিলম্ব হলেও সেই প্রক্রিয়া এখনও চলছে। 'লকার' দেওয়ার ক্ষেত্রেও সেই নির্দিষ্ট মতাদর্শের মানুষদেরই অগ্রাধিকার দেওয়া হত অতি স্বল্প ভাড়ার বিনিময়ে। তার ফলে একই পরিবারে একাধিক লকার প্রদান করা হত। আমরা এমন দেখেছি একটি পরিবারের ৪ জন সদস্যের মধ্যে ৩ জনকেই 'লকার' প্রদান করা হয়েছে। ফলে সাধারণ গ্রাহকরা এই 'লকার' পরিষেবা থেকে বঞ্চিত হতেন। আপনারা জানেন কো-অপারেটিভ সার্ভিস কমিশন চালু হওয়ার আগে পর্যন্ত ঐ নির্দিষ্ট রাজনৈতিক মতাদর্শের মানুষরাই এই ব্যাঙ্কের কর্মচারীরূপে নিযুক্ত হতেন। ফলে এলাকার সাধারণ বেকার যুবক / যুবতীরা যোগ্যতা থাকা সত্ত্বেও কাজ পেতেন না। দায়িত্ব নেওয়ার পর থেকে বর্তমান পরিচালন মণ্ডলী এই সব অনৈতিক / অবৈধ কাজ (ঘুঘুর বাসা) বন্ধ / ভেঙ্গে দিয়েছে। আমরা সমবায় আইনে যারা যারা সদস্য / সদস্যা হওয়ার যোগ্য তাঁদের প্রত্যেককে আবেদনের ভিত্তিতে মেম্বারশিপ প্রদান করেছি বা করছি। রিজার্ভ ব্যাঙ্কের নিয়ম অনুযায়ী কাগজ পত্র পরীক্ষা করে প্রত্যেককে আমরা নিয়ম মেনে লোন প্রদান করেছি ও করছি। সেখানে কোন ব্যক্তি বা রাজনৈতিক মতাদর্শের ভিত্তিতে ভেদাভেদ করছি না। যে সকল লোন বহুদিন যাবৎ ইচ্ছাকৃত ভাবে অনাদায়ী ছিল তাদের অনুরোধের মাধ্যমে আদায়ের চেষ্টা করেছি / করছি। তাতেও যারা সাড়া দেননি, তাদের বিরুদ্ধে আইনারূপ ব্যবস্থা নিয়েছি ও ভবিষ্যতেও নেওয়া হবে। কিছু কিছু স্বার্থান্বেষী মানুষ মনে করেছেন এই কো-অপারেটিভ ব্যাঙ্কের লোন পাওয়াটা তাদের জন্মগত অধিকার। আমরা নিয়মের ( R.B.I Norms ) বাইরে লোন দিচ্ছি না এবং লোন নিয়ে যারা অনাদায়ী করে রেখেছিলেন, তাদের বিরুদ্ধে আইনারূপ ব্যবস্থা নিয়েছি। এতেই কিছু স্বার্থান্বেষী / অসামাজিক মানুষ ও ঐ রাজনৈতিক মতাদর্শের মানুষগুলি বিভিন্ন ভাবে তাদের রাজনৈতিক প্রচারমাধ্যমের দ্বারা কুৎসা ও অপপ্রচার করে এই প্রতিষ্ঠানের ক্ষতি করার চেষ্টা চালিয়ে যাচ্ছে। কিন্তু আমরা দৃঢ়তার সঙ্গে আপনাদের আশ্বস্ত করতে চাই যতদিন বর্তমান পরিচালন মণ্ডলী দায়িত্বে আছে ততদিন কোনরকম অনৈতিক কাজ আমরা করব না বা কাউকে করতে দেবনা। আমরা সমবায় দপ্তর ও রিজার্ভ ব্যাঙ্কের নিয়ম অনুযায়ী এই সমবায় ব্যাঙ্ক পরিচালনা করছি এবং আগামী দিনেও এই ভাবেই পরিচালনা করব। আমাদের দৃঢ় বিশ্বাস এই ব্যাঙ্কের সার্বিক উন্নয়নের ধারাবাহিকতা বজায় রাখতে আপনারা আগের মতো আমাদের সহযোগিতা ও আশীর্বাদ করবেন। তাই এই অপপ্রচারের বিরুদ্ধে বিগত বোর্ডের ভুল ত্রুটি সমালোচনা না করে বর্তমান পরিচালন মণ্ডলী দায়িত্ব নেওয়ার পর থেকে ৩১.১২.২০২১ পর্যন্ত ব্যাঙ্কিং পরিষেবা তথা গ্রাহক পরিষেবায় কি কি পদক্ষেপ নেওয়া হয়েছে এবং গত তিন বছরের আর্থিক খতিয়ান নিম্নলিখিত আকারে আপনাদের জ্ঞাতার্থে জানাচ্ছি -

০১ দায়িত্ব নেওয়ার পর থেকে আমানতে সুদের হার অন্যান্য সরকারী ও বেশকিছু বেসরকারী ব্যাঙ্কের সুদের হারের থেকে বাড়ানো হয়েছে, যাতে গ্রাহকেরা বর্তমান স্বল্প সুদের বাজারে একটু বেশি সুদ পান। বর্তমানে আমাদের আমানতের সুদের হার সব রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক ও বেশ কিছু বেসরকারী ব্যাঙ্কের থেকে বেশী। লকারের ভাড়াও সরকারী ও বেসরকারী ব্যাঙ্কের তুলনায় অনেক কম।

০২ দায়িত্ব নেওয়ার প্রথম দিন থেকে অনাদায়ী ঋন আদায়ে জোর দেওয়া হয়েছে, যার ফলে আনুমানিক ২ কোটি টাকা আদায় সম্ভব হয়েছে, যে প্রক্রিয়া এখনও চলছে। আপনাদের অবগতির জন্য জানাই পূর্ববর্তী বোর্ডের আমলে Build Con Rainbow সহ বেশ কিছু অনৈতিক ও অবৈধ ঋণ দেওয়া হয়েছিল যার বেশির ভাগই অনাদায়ী ছিল। তাই রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া ২০১৭ - ২০১৮ সালের Audit এর পর ঋন দেওয়ার ক্ষেত্রে বেশ কিছু বিধিনিষেধ আরোপ করেছিলেন। আপনাদের আনন্দের সাথে জানাই বর্তমান পরিচালন মণ্ডলী দায়িত্ব নেবার এক বছরের মধ্যে উল্ল্যেখযোগ্য আর্থিক উন্নয়নে সন্তুষ্ট হয়ে আমাদের আবেদনের ভিত্তিতে সেই সব বিধিনিষেধ সম্পূর্ণ রূপে তুলে নিয়েছিলেন।

০৩ সঠিক সময়ে ক্যাশ কাউন্টার খোলার ব্যবস্থা করা হয়েছে।

০৪ পরিস্কার - পরিচ্ছন্ন ও সুস্থ সুন্দর পরিবেশে পরিষেবা প্রদানের ব্যবস্থা করা হয়েছে। বর্তমানে ব্যাঙ্কের পরিকাঠামো যেকোন সরকারী / বেসরকারী ব্যাঙ্কের কাছে উল্লেখযোগ্য উদাহরণ। আমরাই এই অঞ্চলের একমাত্র ব্যাঙ্ক যারা প্রতিটি গ্রাহককে পরিশ্রুত পানীয় জল, চা ও বিশেষ বিশেষ শুভ দিনে মিষ্টি মুখের মাধ্যমে অভ্যর্থনা জানাই।

০৫ অসুস্থ ও বয়স্ক গ্রাহকদের ঘরে বসে ব্যাঙ্কিং পরিষেবা প্রদান করা হচ্ছে।

০৬ অসুস্থ ও বয়স্ক গ্রাহকদের উন্নততর পরিষেবার উদ্দেশ্যে ব্যাঙ্কের ভেতরে আলাদা করে "Senior Citizen Zone" এর ব্যবস্থা করা হয়েছে। যা শোনা যায় পূর্ববর্তী বোর্ডের আমলে "রাজনৈতিক আড্ডার" র ঘর হিসাবে বিবেচিত ছিল।

০৭ ATM পরিষেবা উন্নত ও অত্যাধুনিক যন্ত্রের মাধ্যমে প্রদান করা হচ্ছে যা বর্তমানে পশ্চিমবঙ্গে খুব অল্পসংখ্যক সমবায় ব্যাঙ্ক এই পরিষেবা দিচ্ছে।

০৮ প্রয়োজনের ভিত্তিতে Contractual Basis এ কর্মী নিয়োগের মাধ্যমে এই বেকারত্বের বাজারে কিছু যুবক - যুবতীর কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে। আমরা এক্ষেত্রে ব্যাঙ্কের প্রয়োজন, প্রার্থীর যোগ্যতা ও তাদের পরিবারের সামাজিক দায়বদ্ধতার মূল্যায়ন করেছি। তাই নবগ্রামের বহু মানুষের কাছে ভগবান হিসাবে পরিচিত চিকিৎসক প্রদ্যুত ভট্টাচার্য

যিনি নিজের জীবন উপেক্ষা করে দিবা-রাত্রি মানুষের সেবা করেছেন, তিনি যখন শারীরিক অসুস্থতার কারণে আর্থিক ভাবে দুর্বল হয়েছিলেন তখন আবেদনের ভিত্তিতে বর্তমান বোর্ড কালবিলম্ব না করে তার একমাত্র বেকার পুত্র শ্রী প্রদীপ্ত ভট্টাচার্যকে গ্রুপ-ডি পদে নিযুক্ত করেছে। কিন্তু আপনারা জনেন আগের বোর্ডের আমলে শুধুমাত্র একটি নির্দিষ্ট রাজনৈতিক মতাদর্শের ছেলে - মেয়েরাই এই সমবায় ব্যাঙ্কে চাকরী পেতেন।

০৯ স্বর্গীয় সুপ্রিয় মুখার্জী (মিঠু) ব্যাঙ্কের প্রাক্তন কর্মচারী যিনি কর্মরত অবস্থায় পূর্ববর্তী বোর্ডের আমলে মারা গেছিলেন, তার স্ত্রীর আবেদনের ভিত্তিতে বর্তমান বোর্ড তার বড় সন্তানকে ব্যাঙ্কে চাকরির ব্যবস্থা করেছে। যা পূর্ববর্তী বোর্ডেরই কর্তব্য / দায়িত্ব ছিল।

১০ সদস্য / সদস্যা ও গ্রাহকবন্ধুদের সুবিধার্থে দিবা-রাত্রি অ্যাম্বুলেন্স ও অক্সিজেন পরিষেবা স্বল্পমূল্যে ও বিশেষ বিশেষ ক্ষেত্রে বিনামূল্যেও প্রদান করা হচ্ছে।

১১ 'আমফান' ও 'যশ' ঝড়ের সময় 'সংহতি ভবনে' সদস্য / সদস্যা ও আশ্রয়হীন এলাকাবাসীদের জন্য খাওয়ার ও থাকার ব্যবস্থা করা হয়েছিল। আমফান ঝড়ে ব্যাঙ্কের গ্রুপ-ডি স্টাফদের ক্ষতিগ্রস্থ বাড়ির মেরামতের আবেদনের ভিত্তিতে ৫০,০০০ টাকা করে অনুদান ও ৫০,০০০ টাকা করে ইন্টারেস্ট ফ্রী লোন দেওয়া হয়েছিল।

১২ প্রত্যেক অফিসার ও কর্মচারী বন্ধুদের স্যালারি গত তিন বছরের মধ্যে নূন্যতম ৩০% বৃদ্ধি করা হয়েছে। যা চিফ এক্সিকিউটিভ অফিসারের মত আধিকারীকের ক্ষেত্রে ১০০% র উপর বৃদ্ধি পেয়েছে। আনন্দের সাথে জানাই বর্তমান পরিচালক মণ্ডলী কাজের মূলায়নের ভিত্তিতে শ্রী শঙ্কর চক্রবর্তী, শ্রী গৌর মোহন রায় ও শ্রী অমিত গুপ্তকে সাধারণ অফিসার থেকে সম্মান দিয়ে যথাক্রমে ম্যানেজার ও বাকি ২ জনকে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদে এবং শ্রী মৈনাক মিশ্রকে সাধারণ ক্লার্ক থেকে প্রধান ক্যাশিয়ার পদে প্রমোশন্ দিয়েছে। আমরা এই মন্ত্রে বিশ্বাসী "সম্মান দিলেই সম্মান পাওয়া যায়"।

১৩ রুমা মণ্ডল ১৪ বছর কাজ করার পর তার পারিশ্রমিক মাত্র ৪,৫০০ টাকা ছিল। কিন্তু তার পরে নিযুক্ত হওয়া কিছু গ্রুপ-ডি কর্মচারীর পারিশ্রমিক তার থেকে ৩০০% অধিক ছিল। রুমা মণ্ডলের প্রতি এই অবিচারের জবাব দিয়ে তার আবেদনের ভিত্তিতে বর্তমান পরিচালক মণ্ডলী প্রথম বোর্ড মিটিং এ তার পারিশ্রমিক ৩০০% বৃদ্ধি করে অন্যান্য গ্রুপ ডি - এর সমান করে, তার হারানো সম্মান ফিরিয়ে দিয়েছিল।

১৪ কর্মচারীদের জীবনকে সুরক্ষিত করতে প্রত্যেকের জন্যে ৩০ লক্ষ টাকার বীমা করা হয়েছে।

১৫ কর্মচারীদের স্বাস্থ্য সুরক্ষিত করার উদ্দেশ্যে প্রত্যেককে ৫ লক্ষ টাকার স্বাস্থ্যবীমা প্রদান করা হয়েছে।

১৬ অবসরপ্রাপ্ত কর্মচারীদের অবসরকালীন জীবন সুরক্ষিত করার উদ্দেশ্যে তাদের আবেদনের ভিত্তিতে "অবসর ভাতা" (পেনশন) চালু করা হয়েছে , যা সারা ভারতবর্ষের সমবায় ব্যাঙ্কের ইতিহাসে বিরল।

১৭ আন্তর্জাতিক পরিবেশ দিবসে গ্রাহক ও এই অঞ্চলের ক্লাব / প্রতিষ্ঠানগুলিকে চারাগাছ বিতরণের মাধ্যমে "বিশ্ব পরিবেশ দিবস" পালন করা হচ্ছে। যা এর আগে এই সমবায় ব্যাঙ্কে কখনও হয়নি।

১৮ চিকিৎসক দিবস এবং শিক্ষক দিবসে এই অঞ্চলের বিশিষ্ট চিকিৎসক ও শিক্ষকদের অবদানকে স্বীকৃতি দিয়ে সম্মান জানানোর প্রথা চালু করা হয়েছে যা আগে কখনো হয়নি।

১৯ আর্থিক ভাবে পিছিয়ে পরা সদস্য / সদস্যা ও গ্রাহকবন্ধুদের চিকিৎসার সহযোগিতা করা হয়েছে / হচ্ছে।

২০ আর্থিক ভাবে পিছিয়ে পরা সদস্য / সদস্যা ও গ্রাহকবন্ধুদের পরিবারের ছেলে মেয়েদের উচ্চশিক্ষার্থে অনুদান দেওয়া হয়েছে / হচ্ছে। আনন্দের সঙ্গে জানাই ২০১৯ সালে উচ্চমাধ্যমিক পরীক্ষায় তৃতীয় স্থানাধিকারী কানাইপুর নিবাসী বর্ণালী ঘোষের উচ্চশিক্ষার যাবতীয় ব্যয় ভার ব্যাঙ্ক বহন করছে।

২১ Covid আক্রান্ত সদস্য / সদস্যা ও গ্রাহকবন্ধুদের রেশন দ্রব্যাদি সরবরাহ করা হয়েছে / হচ্ছে।

২২ Covid আক্রান্ত রোগীদের জন্য পঞ্চায়েত ও সোসাইটির সাথে যৌথভাবে গোলকমুন্সি হসপিটালে 'সেফ হোম' এর ব্যবস্থা করা হয়েছে। প্রয়োজনে ভবিষ্যতেও করা হবে।

২৩ করোনার প্রথম পর্যায় থেকে শুরু করে আজ পর্যন্ত আর্থিকভাবে দুর্বল ও কর্মহীন মানুষকে খাদ্যদ্রব্য সরবরাহ করা হয়েছে / হচ্ছে। এই পরিস্থিতিতে আর্থিক ভাবে পিছিয়ে পরা মানুষদের স্বনির্ভর করার জন্যে স্বনির্ভর গোষ্ঠী গড়ে লোন দেওয়ার ব্যবস্থা করা হয়েছে / হচ্ছে, স্টেশন্ সংলগ্ন এলাকায় ব্যাঙ্কের গ্রাহক পরিষেবা কেন্দ্র থেকে।

২৪ খেলাধুলা ও সামাজিক কাজকে উৎসাহিত করার জন্য এই অঞ্চলের ক্রীড়া ও সামাজিক উন্নয়নের স্বার্থে বিভিন্ন ক্লাব প্রতিষ্ঠানকে তাদের আবেদনের ভিত্তিতে অনুদান দেওয়া হয়েছে / হচ্ছে।

২৫ "রক্তদান জীবন দান" সমবায় সপ্তাহ আমরা রক্তদান উৎসবের মাধ্যমে উদযাপন করি এবং এই রক্তদানকে উৎসাহিত করার উদ্দেশ্যে এই অঞ্চলের যে কোন ক্রীড়া / সামাজিক প্রতিষ্ঠান রক্তদান উৎসবের আয়োজন করলে আমরা তাদের আবেদনের ভিত্তিতে আর্থিক অনুদান দিয়ে থাকি।

২৬ সর্বপরি এই অঞ্চলের মানুষের নিরাপত্তার স্বার্থে স্থানীয় পঞ্চায়েত ও পুলিশ প্রশাসনের আবেদনের ভিত্তিতে CCTV ব্যবস্থাপনায় আর্থিক ভাবে অংশগ্রহণের মাধ্যমে সামাজিক দায়িত্ব পালনের চেষ্টা করা হয়েছে।

২৭ আনন্দের সাথে জানাই সদস্য / সদস্যা, গ্রাহকবন্ধু ও এলাকার নাগরিক বন্ধুদের জন্যে খুব শীঘ্রই দিবারাত্রি চিকিৎসা ও ওষুধ পরিষেবা এবং শববাহী যান পরিষেবা চালু করা হবে। আরও আনন্দের সাথে জানাই বর্তমান পরিচালক মণ্ডলী উন্নত গ্রাহক পরিষেবার উদ্দেশ্যে স্টেশন সংলগ্ন এলাকায় ব্যাঙ্কের শাখা (Branch) খোলার জন্যে রিজার্ভ ব্যাঙ্কের কাছে অনুমতি চেয়েছে।

আপনারা জানেন ব্যাঙ্কের হিসাব পদ্ধতি পরিচালিত হয় Reserve Bank of India এর নিয়ম অনুসারে। Concurrent Audit, Statutory Audit ও RBI এই সমবায় ব্যাঙ্ককে Audit করে। সাম্প্রতিক কালে সমবায় দপ্তর Special Audit এর ব্যবস্থা করেছিলেন। যা আপনাদের ভালোবাসা ও আর্শীবাদে আমরা সফলতার সঙ্গে উত্তীর্ণ হয়েছি। আমরা এই স্বার্থান্বেষী ও আসামাজিক বন্ধুদের কাছে অনুরোধ করব কুৎসা - অপপ্রচার নয় আমাদের কাজের কোন ভুল ত্রুটি হলে তার গঠনমূলক সমালচনা করুন যাতে আমরা আরও উন্নত ব্যাঙ্কিং পরিষেবা এই অঞ্চলের মানুষের কাছে প্রদান করতে পারি। 'সূর্যের আলো কে যেমন দুহাত দিয়ে আটকানো যায় না তেমনি সত্যকেও মিথ্যা দিয়ে লুকানো যায় না'।

ব্যাঙ্কের বিগত ৩ বছরের আর্থিক খতিয়ান নিম্নলিখিত আকারে বর্ণিত হইল -

033-2673-0919/0944/0966

# NABAGRAM PEOPLES' CO-OPERATIVE CREDIT BANK LIMITED

## নবগ্রাম পিপলস্ কো- অপারেটিভ ক্রেডিট ব্যাঙ্ক লিমিটেড

11 Vivekananda Road , Nabagram , Hooghly , Pin - 712246.
REGD. NO. 49/14-6-62, RBI LICENCE NO. UBD/WB/827/P, DT. 13-01-87
E-mail : npccbl1962@gmail.com / admin@nbgcoopbank.com
Website : www.nbgcoopbank.com

Ref No.

Date. 16 JAN 2022

### PERFORMANCE OF CURRENT BOARD

| DATE | 17.08.2018 (Charge Taken by Current Board) | 31.12.2021 | (+/-) |
|---|---|---|---|
| Total Deposit | 62,64,14,596.98 | 75,06,83,306.04 | 19.84%(+) |
| SB Deposit | 20,59,55,722.83 | 25,08,46,167.09 | 21.80%(+) |
| CD Ratio | 7.33% | 15.02% | 104.91%(+) |
| NPA | 37.06% | 19.72% | 46.79%(-) |
| Loan | 4,59,08,201.14 | 11,27,56,683.95 | 145.61(+) |
| Profit | 45,34,368.63 (Net) as on 31.03.2019 (2018-2019) | 1,04,89,487.12 (Gross) as on 31.12.2021 (2021-22) | 131.33(+) |
| Reserve Fund | 11,66,46,209.11 | 12,40,07,092.11 | 6.31(+) |
| Share Capital | 47,08,705.00 | 57,61,008.00 | 22.35(+) |
| Investment | 61,53,23,161.00 | 68,71,01,392.00 | 11.66(+) |

Amit Gupta
Assistant Manager
(IT & Operation)

Sankar Chakraborty
Manager
(Operation & Investment)

Kamal Kumar Mitra
C.E.O

Subrata Mukherjee
Secretary

Manas Kumar Roy
Chairman

এই সাফল্য শতাংশের বিচারে শুধুমাত্র এই ব্যাঙ্কের ইতিহাসে নয় যেকোনো সমবায় ব্যাঙ্ক, সরকারী ও বেসরকারি ব্যাঙ্কের কাছেও একটি উল্লেখযোগ্য উদাহরণ। আমরা মনে করি এই সাফল্য শুধু বর্তমান পরিচালক মন্ডলীর নয়। এই সাফল্য ব্যাঙ্কের প্রত্যেক প্রতিষ্ঠাতা সদস্য, পূর্ববর্তী বোর্ড / প্রাক্তন কর্মচারী, সদস্য / সদস্যা, গ্রাহকবন্ধু, কর্মচারীবন্ধু ও এই অঞ্চলের সুধী নাগরিকবন্ধু সকলের। আমরা পরিচালক সমিতির পক্ষ থেকে আমাদের সম্মানীয় সভাপতি শ্রী মানস কুমার রায় মহাশয়কে বিশেষভাবে ধন্যবাদ জানাই, কারণ তার নিরলস ইচ্ছাশক্তি, কর্মদক্ষতা ও পরিচালন ক্ষমতা ছাড়া এই উন্নয়ন সম্ভব হত না। Covid-19 পরিস্থিতিতে সকলের কাছে অনুরোধ সরকারী নিয়মবিধি মেনে চলুন, সুস্থ থাকুন, ভালো থাকুন। ব্যাঙ্ক যেকোন পরিস্থিতিতে আপনাদের পাশে ছিল, আছে ও থাকবে। কারণ এই ব্যাঙ্ক :

' আপনার ব্যাঙ্ক আপনার পরিবারের ব্যাঙ্ক '

সকলকে ১২৬তম নেতাজী জন্মজয়ন্তী ও ৭৩তম প্রজাতন্ত্র দিবসের আগাম শুভেচ্ছা ও অভিনন্দন।

"জয় হিন্দ্"

পরিচালন সমিতির পক্ষে
শ্রী সুব্রত মুখার্জী
সম্পাদক